Website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

বিআরপিডি সার্কুলার লেটার নং - ০৫

১৮ মাঘ ১৪২৮
তারিখ ঃ -----------------------
০১ ফেব্রুয়ারি ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ব্যাংক-কোম্পানীর এন্ট্রি লেভেলের কর্মকর্তা-কর্মচারীগণের বেতন-ভাতাদি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ২০ জানুয়ারি ২০২২ এবং ২৫ জানুয়ারি ২০২২ তারিখে জারিকৃত যথাক্রমে বিআরপিডি সার্কুলার নং ০২ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং ০৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং ০২/২০২২ এর ৫ ক্রমিকের মাধ্যমে এ মর্মে নির্দেশনা প্রদান করা হয় যে, নতুন নির্ধারিত বেতন-ভাতাদি ০১ মার্চ ২০২২ তারিখ হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা প্রদান না করা পর্যন্ত এ সার্কুলারে বর্ণিত নির্দেশনা বলবৎ থাকবে।

০৩। এক্ষণে, বর্তমান কোভিড পরিস্থিতির প্রেক্ষিতে ব্যাংকগুলোর সার্বিক আর্থিক সক্ষমতা পর্যালোচনায় নতুন বেতন কাঠামো বাস্তবায়নে নিম্নরূপ দিক-নির্দেশনা প্রদান করা হলোঃ

৩.১। ২০১৩ সালে লাইসেন্স প্রাপ্ত ৪র্থ প্রজন্মের তফসিলি ব্যাংকসমূহ ও তৎপরবর্তীতে স্থাপিত তফসিলি ব্যাংকসমূহ, বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ এবং আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ এর এন্ট্রি লেভেলের জেনারেল সাইডে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণকে ন্যূনতম বেতন-ভাতাদি বাবদ ৩৯,০০০/- টাকা এবং ক্যাশ সাইডে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণকে ন্যূনতম বেতন-ভাতাদি বাবদ ৩৬,০০০/- টাকা প্রদানের লক্ষ্যে মূল বেতন ও ভাতাদি নির্ধারণ করতে হবে। উক্ত নতুন নির্ধারিত বেতন-ভাতাদির মধ্যে মূল বেতন এপ্রিল ২০২২ হতে প্রদেয় হবে এবং অবশিষ্ট ভাতাদি এপ্রিল ২০২৩ হতে প্রদেয় হবে। তবে, সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ চাইলে এপ্রিল ২০২২ হতেই সকল বেতন-ভাতাদি প্রদান করতে পারবে। এছাড়া, নতুনভাবে নির্ধারিত বেতন-ভাতাদি কার্যকর করার পর একইপদে পূর্ব হতে কর্মরত কর্মকর্তাগণের বেতন-ভাতাদি আনুপাতিক হারে বৃদ্ধি/সমন্বয় করে পে-ফিক্সেশন করতে হবে;

৩.২। ৩.১ ক্রমিকে উল্লিখিত ব্যাংকসমূহ ব্যতীত অন্যান্য সকল ব্যাংকের এন্ট্রি লেভেলের জেনারেল সাইডে কর্মরত কর্মকর্তাগণকে ন্যূনতম বেতন-ভাতাদি বাবদ ৩৯,০০০/- টাকা এবং ক্যাশ সাইডে কর্মরত কর্মকর্তাগণকে ন্যূনতম বেতন-ভাতাদি বাবদ ৩৬,০০০/- টাকা প্রদানের লক্ষ্যে মূল বেতন ও ভাতাদি নির্ধারণ করতে হবে যা এপ্রিল ২০২২ হতে প্রদেয় হবে। নতুন নির্ধারিত বেতন-ভাতাদি কার্যকর করার পর একইপদে পূর্ব হতে কর্মরত কর্মকর্তাগণের বেতন-ভাতাদি আনুপাতিক হারে বৃদ্ধি/সমন্বয় করে পে-ফিক্সেশন করতে হবে;

পরবর্তী পৃষ্ঠা-২

৩.৩। ৩.১ ক্রমিকে উল্লিখিত ব্যাংকসমূহে শিক্ষানবিস হিসেবে কর্মরত এন্ট্রি লেভেলের জেনারেল সাইডে কর্মরত কর্মকর্তাগণের জন্য সাকুল্য বেতন হিসেবে ন্যূনতম ২৮,০০০/- টাকা এবং ক্যাশ সাইডে কর্মরত কর্মকর্তাগণের জন্য সাকুল্য বেতন হিসাবে ন্যূনতম ২৬,০০০/- টাকা নির্ধারণ করতে হবে। নতুন নির্ধারিত বেতন এবং বর্তমানে প্রাপ্ত সাকুল্য বেতনের সাথে যে পার্থক্য হবে তার ন্যূনতম ৫০% এপ্রিল ২০২২ হতে প্রদেয় হবে। অবশিষ্ট ৫০% এপ্রিল ২০২৩ হতে প্রদেয় হবে। তবে, সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ চাইলে এপ্রিল ২০২২ হতেই সকল বেতন-ভাতাদি প্রদান করতে পারবে। এছাড়া, ৩.২ ক্রমিকে বর্ণিত ব্যাংকসমূহ কর্তৃক জেনারেল সাইড এবং ক্যাশ সাইডের শিক্ষানবিস কর্মকর্তাগণের জন্য নতুন নির্ধারিত সাকুল্য বেতন যথাক্রমে ২৮,০০০/- টাকা এবং ২৬,০০০/- টাকা এপ্রিল ২০২২ হতে প্রদেয় হবে;

৩.৪। সার্কুলার নং ০২/২০২২ এর ৩.৭ ক্রমিকে বর্ণিত মেসেঞ্জার/পরিচ্ছন্নতাকর্মী/নিরাপত্তাকর্মী/অফিস সহায়ক (support staff) অথবা সমজাতীয় পদে/সর্বনিম্ন যে কোনো পদে নিয়মিত বা চুক্তিভিত্তিক বা দৈনিক ভিত্তিতে নিয়োগকৃত কর্মচারীগণের বেতন-ভাতাদি নির্ধারণের ক্ষেত্রে সকল বিভাগীয় শহরসহ নারায়নগঞ্জ ও গাজীপুর শহর এলাকায় কর্মরত কর্মচারীদের জন্য ন্যূনতম বেতন-ভাতাদি হবে ২৪,০০০/- টাকা, অন্যান্য জেলা শহরে কর্মরত কর্মচারীদের জন্য ন্যূনতম বেতন-ভাতাদি হবে ২১,০০০/- টাকা এবং দেশের অন্যান্য উপজেলা/অঞ্চলে কর্মরত কর্মচারীদের জন্য ন্যূনতম বেতন-ভাতাদি হবে ১৮,০০০/- টাকা;

৩.৫। ৩.১ ক্রমিকে উল্লিখিত ব্যাংকের ক্ষেত্রে ৩.৪ ক্রমিকে বর্ণিত কর্মচারীদের জন্য নতুন নির্ধারিত বেতন এবং বর্তমানে প্রাপ্ত সাকুল্য বেতনের সাথে যে পার্থক্য হবে তার ন্যূনতম ৫০% এপ্রিল ২০২২ হতে প্রদেয় হবে। অবশিষ্ট ৫০% এপ্রিল ২০২৩ হতে প্রদেয় হবে। তবে, সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ চাইলে এপ্রিল ২০২২ হতেই সকল বেতন-ভাতাদি প্রদান করতে পারবে। এতদ্ব্যতীত, অন্যান্য সকল ব্যাংকের ক্ষেত্রে আলোচ্য কর্মচারীদের জন্য নতুন নির্ধারিত বেতন-ভাতাদি এপ্রিল ২০২২ হতে প্রদেয় হবে;

৩.৬। আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগকৃত কর্মচারীগণের বেতন-ভাতাদি ৩.৪ ক্রমিকে বর্ণিত কর্মচারীগণের বেতন-ভাতাদির সাথে সামঞ্জস্য রেখে ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনে সংশ্লিষ্ট আউটসোর্সিং কোম্পানীর সাথে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

০৪। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং ০২/২০২২ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ আলী আকবর ফরাজী)
মহাব্যবস্থাপক
ফোন - ৯৫৩০০৯৫